

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ঝিনাইদহ পওর বিভাগ
বাপাউবো, ঝিনাইদহ
টেলিফোনঃ ০৪৫১-৬২১৩৬



www.bwdb.jhenaidah.gov.bd

Office of the
Executive Engineer
Jhenaidah O&M Division
BWDB, Jhenaidah
Tel: ০৪৫১-৬২১৩৬

e-mail: ee.bwdb.jhenaidah@gmail.com

স্মারক নং-ই-১/১৬০০

তারিখঃ ২৪-০৬-২০২১ খ্রি.

“সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্যক্রম ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার (তালিকাভুক্তি/নবায়নের) বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঝিনাইদহ এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্যক্রম ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারীদের তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রি. এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন (ডকুমেন্ট) ফরম এর মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, কুষ্টিয়ার অনুকূলে পরিশোধ সাপেক্ষে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনের তফসিলঃ

ক্রমিক নং	আবেদনের ধরণ	ফরম বিক্রয় আরম্ভের তারিখ	ফরম বিক্রয়ের শেষ তারিখ	তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ
১	ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য/পণ্য)	০১-০৭-২০২১ খ্রি.	২৯-০৭-২০২১ খ্রি.	০১-০৮-২০২১ খ্রি.

২। তালিকাভুক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির নিবন্ধন বহি ইস্যু করা হবে।

৩। তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারীদের নবায়নের তফসিলঃ

ক্রমিক নং	নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ	নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ	নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান আরম্ভের তারিখ	নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ
১	০১-০৭-২০২১ খ্রি.	২৯-০৭-২০২১ খ্রি.	০১-০৮-২০২১ খ্রি.	১৫-০৮-২০২১ খ্রি.

৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহিতে উল্লেখিত শর্তাবলী পূরণ পূর্বক ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়ন করা যাবে।

(কে, এম, জহুরুল হক)

নির্বাহী প্রকৌশলী

পরিচিতি নং- ৬৫০৩০১০০৩

ঝিনাইদহ পওর বিভাগ

বাপাউবো, ঝিনাইদহ।

স্মারক নং-ই-১/১৬০০/১(১৪)

তারিখঃ ২৪-০৬-২০২১খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১) প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
- ৪) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২ গ্রীণ রোড, ঢাকা। (তালিকাটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
- ৭) জেলা প্রশাসক, ঝিনাইদহ। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৮) পুলিশ সুপার, ঝিনাইদহ। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৯) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(রয়াক), বাপাউবো, কুষ্টিয়া।
- ১০) উপ-বিভাগীয় প্রকৌশলী, ঝিনাইদহ/শৈলকুপা পওর উপ-বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ।
- ১১) প্রাক্কলনিক, ঝিনাইদহ পওর বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ। তাহাকে ঠিকাদার তালিকাভুক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১২) হিসাব শাখা, ঝিনাইদহ পওর বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ।
- ১৩) দপ্তর কপি।

নির্বাহী প্রকৌশলী

ঝিনাইদহ পওর বিভাগ

বাপাউবো, ঝিনাইদহ।